13 SEP 1989

তারিখ ... 13 SEP 1989 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 7

059

## এস এ এস পরীক্ষার সনদপত্র

বাংলাদেশ অডিট বিভাগের একটি গুরুত্বপূর্ণ বিভাগীয় পরীক্ষা হচ্ছে সাব-অর্ডিনেট একাউন্টস সার্ভিস বা এস এ, এস পরীক্ষা। এটা একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা হলেও এই পরীক্ষায় যারা উত্তীর্ণ হন তাঁদেরকে কোন সনদপত্র প্রদান করা হয়না। এমনকি এই পরীক্ষার ফলাফল প্রার্থীদের ব্যক্তিগতভাবে কোন পত্র মারফতও জানানো হয় না। ফলে এই পরীক্ষায় পাশের প্রমাণ স্বরূপ উত্তীর্ণ প্রার্থীদের কাছে কোন প্রমাণপত্র থাকে না। অডিট সার্ভিসের অনেক কর্মকর্তা অবসর জীবনে বেসরকারী প্রতিষ্ঠানে যোগ দেন। তখন তারা এস, এ, এস পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কোন প্রমাণপত্র প্রদর্শনে ব্যর্থ হন।

যেখানে ২/১ সপ্তাহের কোন কোর্স সম্পন্ন করলেও সনদপত্র প্রদান করা হয় সেখানে এইরূপ একটি গুরুত্বপূর্ণ সরকারী পরীক্ষার সনদপত্র দেয়া দরকার।

যাই হোক এখন থেকে এস, এ, এস ১ম এবং ২য় পর্বে উত্তীর্ণ প্রার্থীদের আনুষ্ঠানিকভাবে সনদপত্র প্রদানের জন্য মহা হিসাব নিরীক্ষক ও নিয়ামকের (সি, এন্ড এ, জি) কাছে অনুরোধ জানাচ্ছি।

—সুনাগরিক,
মিরপুর—১১, ঢাকা।